# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board


শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৭৬

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-02222230076
dir.discipline.bwdb@gmail.com


নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৩৭.২২-৯৫

তারিখঃ ২৮-১২-১৪২৯ বঙ্গাঃ
১১-০৪-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ আব্দুল হান্নান (শাহজাহান) (আইডি নং-৭৪০১১৪০০১), হিসাব করণিক, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকাকে নারী নির্যাতন ও যৌতুকের মামলায় কলাবাগান থানার দায়িত্ব প্রাপ্ত উপপরিদর্শক কর্তৃক গ্রেফতার করে গত ১৫-০৯-২০২২ খ্রিঃ তারিখে জেল হাজতে প্রেরণ করায় তাকে গ্রেফতারের তারিখ অর্থাৎ গত ১৫-০৯-২০২২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। অতঃপর জনাব মোঃ আব্দুল হান্নান (শাহজাহান), হিসাব করণিক বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ভেড়ামারা আমলী আদালত, ভেড়ামারা, কুষ্টিয়ার শরণাপন্ন হলে বিজ্ঞ আদালত তাকে খালাস প্রদান করে রায় প্রদান করেন। আদালত প্রদত্ত রায় বোর্ডের আইন বিভাগ কর্তৃক সঠিকতা যাচাইয়ান্তে পেশ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৩৭.২২-৩২০ তারিখ: ০২-১০-২০২২ খ্রিঃ মোতাবেক জারিকৃত সাময়িক বরখাস্ত আদেশে বর্ণিত সাময়িক বরখাস্তের তারিখ(গ্রেফতারের তারিখ) ১৫/০৯/২০২২ খ্রিঃ হতে তাকে বাপাউবোর্ডের চাকরিতে পূনর্বহাল পূর্বক বেতন ভাতাদির টাকা সম্পূর্ণরূপে পরিশোধসহ উক্ত অনুপস্থিতিকালে কর্তব্যরত ছিলেন মর্মে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব মোঃ আব্দুল হান্নান (শাহজাহান), হিসাব করণিক,বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকাকে আদালত প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সাময়িক বরখাস্তের তারিখ অর্থাৎ ১৫/০৯/২০২২ খ্রিঃ হতে তাকে বাপাউবোর্ডের চাকরিতে পূনর্বহাল করা হলো এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৭(২) মোতাবেক বেতন ভাতাদির টাকা সম্পূর্ণরূপে পরিশোধসহ উক্ত অনুপস্থিতিকালে কর্তব্যরত ছিলেন বলে গণ্য করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

১১/০৪/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৩৭.২২-৯৫(৯)

তারিখঃ ২৮-১২-১৪২৯ বঙ্গাঃ
১১-০৪-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীন রোড, ঢাকা।
২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল,বাপাউবো,৭২,গ্রীণ রোড, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা ।
৭। উপপরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৯। জনাব মোঃ আব্দুল হান্নান (শাহজাহান), হিসাব করণিক, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা ।

১১/৪/২৩
(মুঃ নূরুল আমীন)
উপপরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৭০০৬১৬০০১

১১/০৪/২৩

E/Asma/00.Punishment P-23